

২০১৯

বাংলা

এম. এ. দ্বিতীয় বর্ষ (DODL)

সপ্তম পত্র

বিশেষ পত্র : নাট্যসাহিত্য

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রতিটি পর্যায় গ্রন্থ থেকে ন্যূনতম একটি করে
মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।

পর্যায় গ্রন্থ - ১

- ১। 'কুলীনকুলসর্বস্ব' নাটকে নারী চরিত্রগুলি উপস্থাপনায়
রামনারায়ণ তর্করত্ন যে সাফল্যের পরিচয় দিয়েছেন তার কারণ
নির্দেশ করে কয়েকটি নারী চরিত্রের পরিচয় দাও।

অথবা

- 'কুলীনকুলসর্বস্ব' নাটকটির নামকরণ কতদূর সার্থক হয়েছে তা
আলোচনা করে দৃষ্টান্ত সহযোগে বুঝিয়ে দাও। ১৫
- ২। 'সধবার একাদশী' কী জাতীয় রচনা? ট্র্যাজেডি, কমেডি, প্রহসন,
সমাজচিত্র অথবা অন্য কিছু? তোমার অভিমত যুক্তিসহ প্রতিষ্ঠা
করো।

অথবা

‘সধবার একাদশী’ নাটকে কৌতুকরসের যে পরিচয় পাওয়া যায়, তা দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১৫

পর্যায় গ্রন্থ - ২

৩। ঐতিহাসিক নাটকরূপে ‘কৃষ্ণকুমারী’ কতদূর সার্থক তা আলোচনা করো।

অথবা

‘কৃষ্ণকুমারী’ নাটকে প্রাচ্য ও পাশ্চাত্য প্রভাব কতদূর কার্যকর হয়েছে, তা নিরূপণ করো। ১৫

৪। ‘আলিবাবা’ নাটকে কৌতুকরসের যে পরিচয় পাওয়া যায় তা দৃষ্টান্তসহ আলোচনা করো।

অথবা

‘আলিবাবা’ নাটকে আবদালা চরিত্রটি অবিচারের শিকার— অভিমতটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ১৫

পর্যায় গ্রন্থ - ৩

৫। কালের যাত্রায় শোষিত, বঞ্চিত, অন্ত্যজ গোত্রের মানুষজনের ক্ষমতায়নের প্রসঙ্গ ‘রথের রশি’ নাটিকায় কীভাবে উন্মোচিত হয়েছে তা আলোচনা করো।

অথবা

‘রথের রশি’ নাটকে রবীন্দ্রনাথের সমাজভাবনার সঙ্গে এসে মিলেছে ইতিহাসের বীক্ষা।— বুঝিয়ে দাও। ১৫

৬। ‘দেবীগর্জন’ নাটকে প্রভঞ্জন ও ত্রিভুবন একই শ্রেণীর প্রতিনিধি হয়েও একই ছাঁচের চরিত্র নয় কেন?—বিশ্লেষণ করো।

অথবা

‘দেবীগর্জন’ নাটকের নামকরণ সম্পর্কে ব্যাখ্যা দাও। ১৫

পর্যায় গ্রন্থ - ৪

৭। ‘সিরাজদ্দৌলা’ নাটকে সিরাজ চরিত্রে কোনও অন্তর্দ্বন্দ্ব ও আত্মসমালোচনা লক্ষ করা যায় কিনা বিচার করো।

অথবা

‘সিরাজদ্দৌলা’ নাটকে ট্র্যাজেডি কার? দেশের না ব্যক্তি সিরাজের? তোমার অভিমতের সমর্থনে যুক্তি দাও। ১৫

৮। একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে ‘দেবী’ একাঙ্ক নাটকের সার্থকতা বিচার করো।

অথবা

‘এক সন্ধ্যায়’ নাটকের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো। একাঙ্ক নাটকরূপে এই নাটকটির সার্থকতার স্বরূপ নির্ণয় করো। ১৫